

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সমবায় অধিদপ্তর
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা
www.coop.khulnadiv.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন”

নম্বর: ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৩১.১২.৫০০

১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

যেহেতু, ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, নিবন্ধন নং-০৫/মেহের, তারিখ-১৪/০৮/২০১১ ও সংশোধিত নিবন্ধন নং-০৫/খুল, তারিখ-২৮/০২/২০১২, মেহেরপুর সদর, মেহেরপুর এর কার্যক্রম বিগত ২০১৭ সাল থেকে ০৬ (ছয়) বছরের অধিক সময় বন্ধ রয়েছে;

যেহেতু, উক্ত কারণে জেলা সমবায় অফিসার, মেহেরপুর, ২৩/০৮/২০২৩ তারিখের ৪৭.৬১.৫৭০০.০০০.৪২.০০৩.১৯.৮৭৯ নং স্মারকে বর্ণিত সমিতির নিবন্ধন বাতিলের সুপারিশ করেছেন এবং এ কার্যালয়ের ১৮/০৭/২০২৩ তারিখের ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৩১.১২.৪৩৫ নং স্মারকে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) মোতাবেক কেন সমিতিটির নিবন্ধন সরাসরি বাতিল করা হবে না মর্মে ১০/০৮/২০২৩ তারিখের মধ্যে তার জবাব দাখিলের জন্য সমিতির সভাপতি ও সম্পাদক বরাবর নিবন্ধিত ঠিকানায় কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং

যেহেতু, সভাপতি ও সম্পাদক কর্তৃক নিবন্ধন বাতিলের নোটিশের প্রাপ্তিস্বীকারপত্র গ্রহণ এবং বর্ণিত সমিতিটির আর্থিক দেনা পাওনা ও মামলা না থাকায় নিবন্ধন সরাসরি বাতিল করা হলে সমিতি কর্তৃপক্ষের কোন আপত্তি থাকবে না মর্মে জবাব দাখিল করা হয়েছে।

সেহেতু, সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ধারা ৫৩(ঙ) এর অর্পিত ক্ষমতা বলে উল্লিখিত সমিতির নিবন্ধন আদেশ এতদ্বারা সরাসরি বাতিল করা হলো।

০২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

২৭-০৯-২০২৩

মো. মিজানুর রহমান
বিভাগীয় যুগ্ম-নিবন্ধক

০২-৪৭৭৭০১৯৮১

jr.khulna@coop.gov.bd

নম্বর: ৪৭.৬১.০০০০.২৬১.৩৩.২৩১.১২.৫০০/১ (৬)

১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। জনাব মোঃ সাঈদ আহমেদ, সভাপতি, ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, মেহেরপুর সদর, মেহেরপুর;
- ২। জনাব মোঃ নাজমুদ সাদাত, সম্পাদক, ভৈরব সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি লিঃ, মেহেরপুর সদর, মেহেরপুর;
- ৩। জনাব মোঃ সাজেদুল ইসলাম, পরিদর্শক, অডিট, আইন ও সমিতি শাখা, বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা (তাকে বর্ণিত আদেশটি ওয়েবপোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো);
- ৪। উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর;
- ৫। জেলা সমবায় অফিসার, মেহেরপুর এবং
- ৬। জেলা সমবায় কর্মকর্তা সকল (খুলনা বিভাগ)।



Farhana Afroz

০১-১০-২০২৩

ফারহানা আফরোজ

উপনিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা)